

জেনো, সে-ই আমি

জীর্ণ বৃক্ষে যদি দেখ সবুজ কিশলয়
নিশ্চিত জেনো, সে আমি
যদি দেখ বৃক্ষে ফুটেছে অনিন্দ্য কুসুম
নিশ্চিত জেনো, সে তুমি ।

ভালবাসার বৃক্ষে ঝরে না পত্র কোনও
চির অম্লান বেঁচে থাকে কুসুম কোরক,

এক একটি দিন যায়
একে একে বিকশিত হয় ভালবাসার পত্রাবলী,
প্রতি পত্রে লেখা থাকে একটিই নাম
সে নাম তোমার ।

যদি সে কুসুম তুলে আনি
সাজিয়ে রাখি উষর হৃদয় পেতে -
অনিন্দ্যা, তুমি কি নিবে
না কি অবজায় ছুড়ে ফেলে চলে যাবে
অজানা কোথাও,
জীর্ণ বৃক্ষে যাবে না রেখে ঠিকানা কোনই ।

সবুজ কিশলয়ে যদি ফুটে ওঠে ধূসর সংকেত
জেনো, সে-ই আমি ।

ঢাকা : ১৬.০১.২০০৭ মুহম্মদ আবদুস সালাম